



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576

103632

ML  
18498



নং-বামাশিবো/প্রশা/৭১৮৩/চাঁদপুর-১০৫

তারিখ: ২৬.১২.২০১৯খ্রি.

## বিষয়: সভাপতি মনোনয়ন বাতিলকরণ প্রসঙ্গে

- সূত্র : ১. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৮৫.২১.১৮১.১৮-১২৩; তারিখ: ১৭/০৯/২০১৯ খ্রি.  
 ২. মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং- ৩৭.১৬.০০০০.০০৯.০০.০০১.১৯-৬৫২; তারিখ: ১০/১০/২০১৯ খ্রি.  
 ৩. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৮৫.২১.১৮১.১৮-১৭১; তারিখ: ২৭/১১/২০১৯ খ্রি.  
 ৪. মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশা/৭১৭৪/চাঁদপুর-১০৫; তারিখ: ২৮/১১/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে চাঁদপুর জেলার ফরিদগঞ্জ উপজেলাধীন 'কামতা ডিএস আলিম মাদ্রাসা' (প্রকৃতপক্ষে ফাযিল মাদ্রাসা, যা বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন নয়) এবং 'বদরপুর সিনিয়র আলিম মাদ্রাসা- এর গভার্ণিং বডির সভাপতি জনাব খাজে আহম্মদ মজুমদার- এর নৈতিক স্বলনজনিত কারণে উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠান হতে অব্যাহতি প্রদানের বিষয়ে সরেজমিনে তদন্ত করে প্রতিবেদন প্রেরণের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক সূত্রোক্ত ১ নং স্মারকে নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনার আলোকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক ০২ (দুই) জন কর্মকর্তার সমন্বয়ে গঠিত তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনে বদরপুর সিনিয়র আলিম মাদ্রাসার সভাপতির বিরুদ্ধে সুনির্দিষ্টভাবে উল্লেখ করা হয় যে, টিভি ফুটেজসহ সকল সাক্ষ্য প্রমাণে জনাব খাজে আহম্মদ মজুমদার মাদকসেবী মর্মে প্রমাণিত হয়েছেন, যা অত্র বোর্ড কর্তৃক সূত্রোক্ত ২ নং স্মারকে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগকে অবহিত করা হয়। পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক সূত্রোক্ত ৩ নং স্মারকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত)-এর অনুচ্ছেদ ১১(গ) এবং ১১(ছ) আলোকে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হয়।

এ প্রেক্ষিতে তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন এবং শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নির্দেশনা অনুযায়ী অভিযুক্ত বদরপুর সিনিয়র আলিম মাদ্রাসার সভাপতিকে কেন তাঁর সভাপতি মনোনয়ন বাতিল করা হবে না তাঁর জবাব প্রেরণের জন্য সূত্রোক্ত ৪ নং স্মারকে কারণ দর্শানো হয়। বোর্ড কর্তৃক প্রেরিত কারণ দর্শানো নোটিশের কপি অভিযুক্ত সভাপতি গ্রহণ করেননি বিধায় তাঁর কোন সন্তোষজনক বক্তব্য আছে মর্মে প্রতীয়মান হয় না।

বর্ণিত অবস্থায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) অনুচ্ছেদ ১১(গ) এবং ১১(ছ) অনুসারে ৩৮(১) ধারা মোতাবেক নং-বামাশিবো/প্রশা/৩৩০১৯১০৩৬৩২১ /১৬৯৪৭/নথি নং-১০৫; তারিখ: ০৩/০৪/২০১৯ খ্রি. স্মারকে বদরপুর সিনিয়র আলিম মাদ্রাসার অনুমোদিত গভার্ণিং বডির সভাপতি জনাব খাজে আহম্মদ মজুমদার এর মনোনয়ন এতদ্বারা বাতিল করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রাপক:

১. জনাব খাজে আহম্মদ মজুমদার  
গ্রাম: সাচনমেঘ, পো: মুন্সিরহাট, উপজেলা: ফরিদগঞ্জ, চাঁদপুর
২. অধ্যক্ষ, বদরপুর সিনিয়র আলিম মাদ্রাসা  
পো: গৃদকালিন্দিয়া, উপজেলা: ফরিদগঞ্জ, চাঁদপুর  
(বিধি মোতাবেক ৭ দিনের মধ্যে নতুন সভাপতি নির্বাচন করে তা' অনুমোদনের নিমিত্তে বোর্ডে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)

মো: সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

নং-বামাশিবো/প্রশা/৭১৮৩/চাঁদপুর-১০৫

তারিখ: ২৬.১২.২০১৯খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জনাব কবির আল আসাদ, যুগ্মসচিব (মাদ্রাসা), মাদ্রাসা শাখা-২, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
২. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, পশ্চিম ধানমন্ডি, বসিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১;
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
৪. জেলা শিক্ষা অফিসার, চাঁদপুর;
৫. উপজেলা নির্বাহী অফিসার ফরিদগঞ্জ, চাঁদপুর;
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফরিদগঞ্জ, চাঁদপুর;
৭. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

মো: ওমর ফারুক

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪